

যুগান্তর

তারিখ... 27 DEC 2013

সংখ্যা... ৩৫

পিএসসির উত্তরপত্রের গোপন কোড ফাঁস

## আমতলীতে শিক্ষার্থী-অভিভাবকদের বিক্ষোভ ও মানববন্ধন

আমতলী প্রতিনিধি

বরগনার আমতলী উপজেলায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তার দফতরের সামনে বৃহস্পতিবার সকালে কয়েকশ' শিক্ষার্থী অভিভাবক মানববন্ধন কর্মসূচি পালন ও বিক্ষোভ প্রদর্শন করেছেন। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জেসমিন আকতার ও আমতলী বন্দর অডল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিরুদ্ধে এ বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিএসসি) পরীক্ষার উত্তরপত্রের গোপন কোড নম্বর ফাঁস করার অভিযোগ এনে পিএসসি পরীক্ষার ফলাফল স্থগিতের দাবি জানান তারা। এ সময় কুচ শিক্ষার্থী-অভিভাবকরা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে স্লোগান দেন। উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের পাঁচ

প্রাথমিক শিক্ষার্থী-অভিভাবকের খটখাটী মানববন্ধন চলাকালে ঘটনার সূত্র তদন্ত ও সৌহার্দ্য বিধিভে পরিচালিত ব্যবস্থার নিয়ম দাবি জানিয়ে বক্তব্য রাখেন অভিভাবক প্রজাবক নজরুল ইসলাম ডালুতদার। আশ্রিত অভিভাবক হারুন অর রশিদ খোলা অভিযোগ করেন, কয়েক বছর ধরে উত্তরপত্রের গোপন কোড নম্বর ফাঁস করার কারণক্রমে আমতলী বন্দর অডল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা অবৈতিকভাবে ভালো ফলাফল ও কৃতি স্মরণ বরণে আসছে। অন্যান্য বিদ্যালয়ের শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে। মানববন্ধন কর্মসূচি ও বিক্ষোভ প্রদর্শন শেষে এ ব্যাপারে আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের কাছে স্মারকলিপি জিগিয়েছেন তারা।